

Please ask for:

Direct Line:

E-Mail:

Our Ref:

Your Ref:

Date:

8 জুন ২০২০

সুপ্রিয় মাতাপিতা/অভিবাবক বৃন্দ

আমরা আপনাদের সাথে সোয়ানসি এলাকার সকল স্কুল পর্যায়ক্রমিক খোলার ব্যাপারে সর্বশেষ তথ্য অবহিত করিতে চাই। মিনিস্টার ফর এডুকেশন ইন ওয়েলস (কার্শিট উইলিয়ামস) ৩রা জুন ২০২০ তারিখে ঘোষণা করিয়াছেন যে সকল শিক্ষার্থীদের জন্য সামার এবং সেপ্টেম্বরে সুযোগ হইবে 'চেক ইন, ক্যাচ আপ, প্রিপেয়ার' ('Check in, Catch up, Prepare') এর জন্য। এর পরবর্তি ধাপ শুরু হইবে ২৯ শে জুন ২০২০ থেকে এবং স্কুল টার্ম এক সপ্তাহ বাড়ানো হইবে এবং শেষ হইবে ২৭শে জুলাই ২০২০ তারিখে।

এখনকার সময় সবারই জন্য দুশ্চিন্তার। আমরা জানি যে আমরা দেখিতে পাইতেছি সারা দেশে কোভিড-১৯ এর সংক্রমণ হ্রাস পাইতেছে এবং আপনার নেওয়া পদক্ষেপ সমূহ এ ব্যাপারে বিরাট ভূমিকা রাখিয়াছে। আমরা এটাও জানি কোন কোন পরিবার ও বাচ্চাদের জন্য এই লকডাউন অত্যন্ত কষ্টকর হইতেছে। কেউ কেউ হয়তবা ব্যক্তিগতভাবে আপনজনকে হারিয়ে শোকাতুর অন্যরা হয়তবা অর্থনৈতিক দৈন্যতার সম্মুখীন এবং আমরা সকলেই একটি পরিবর্তন ও অনিশ্চয়তার মুখোমুখি। পরবর্তি পদক্ষেপ ,আমাদিগকে চিন্তা করিতে হইবে কিভাবে ধীরে ধীরে সতর্কতার সহিত সব কিছু আবার খোলা যায় যাতে স্থানীয় ভাবে সংক্রমণের মাত্রা বৃদ্ধি না ঘটে।

আমরা অবগত আছি এই অনিশ্চয়তা এবং আপনাদের সন্তানদের অবস্থা নিয়ে আপনাদের মনে বিভিন্ন ধরনের প্রশ্ন আছে। আমরা আপনার ঐ সকল প্রশ্ন সমূহের জবাব দানের করার চেষ্টা করিব।

আপনার সন্তানদের এবং আমাদের স্টাফদের নিরাপত্তা সব কিছুর উর্ধে।

যে সকল ছাত্র তাহাদের স্বাস্থ্যগত কারণে প্রতিরক্ষা চিঠি (shielding letter) পাইয়াছেন অথবা যাহারা পরিবারের কেউ এই রূপ প্রতিরক্ষা চিঠি (shielding letter) পাইয়াছেন এদের কাহারো সাথে বসবাস করেন, তাহাদিগকে স্কুলে ফিরিয়া আসিতে হইবে না।

স্কুল নীডারশিপ টীম আপনার সন্তানের স্কুলে রিস্ক এসেসমেন্ট জরিপ পরিচালনা করিবেন যাতে তাহারা চিহ্নিত করিতে পারেন আপনার সন্তানের স্কুলের জন্য কোন ব্যবস্থা গ্রহন সঠিক হইবে। কাউন্সিল হিসাবে আমরা স্বীকার করি যে প্রত্যেকটি স্কুলই ওয়েলস গবর্নমেন্টের এই আকাংখা পূরণে সমর্থ হইবে এমন নয়। স্কুল ভেদে ধারন ক্ষমতা হইবে ভিন্ন ভিন্ন এবং অনেক স্কুলকেই পর্যায়ক্রমে ধীরে ধীরে পূর্ণাঙ্গরূপে ফিরিয়া আসিতে হইবে। এর ফলে কোন ইয়ার গ্রুপ কোন দিন স্কুলে উপস্থিত হইতে পারিবে তার উপর প্রভাব ফেলিতে পারে।

এখন থেকে স্কুল কার্যক্রম চলবে ভিন্ন উপায়ে অন্ততপক্ষে সামান্য টার্ম পর্যন্ত। ক্লাস সাইজ ছোট আকারের হইবে এবং স্কুল সমূহ সামাজিক দূরত্ব বা সোশ্যাল ডিসটেন্সিংএর ব্যবস্থা গ্রহন করিবে। এর ফলে শ্রেণি কক্ষে পাঠদান বা লেসনগুলো অন্য কোন পদ্ধতিতে চলতে পারে, ব্রেক টাইম ও লাঞ্চ টাইম ধীর গতির হইতে পারে এবং স্কুল আরম্ভ ও ছুটির সময় ভিন্ন পদ্ধতির হইতে পারে। আমরা ঘনিষ্ঠভাবে স্কুল ও গভর্নরদের সাথে কাজ করিতে থাকিব যাতে নীতিগত ভাবে এবং দিক নির্দেশনার ক্ষেত্রে সামঞ্জস্য বজায় রাখা নিশ্চিত করিতে পারি।

আপনার সন্তানের যদি স্কুলে যাতায়াতে ট্রান্সপোর্টের প্রয়োজন হয় তবে তার ব্যবস্থাদিতে পরিবর্তন আসিবে যেহেতু যানবাহনে কঠোর নিরাপত্তা ও সামাজিক দূরত্ব বজায়ের জন্য ব্যবস্থা গ্রহন করা হইবে। এ ব্যাপারে বিস্তারিত যথাসময়ে জানানো হইবে।

আমাদের অবগত আছে স্কুল পুরোপুরি খোলা না থাকাটা গুয়ার্কিং পেরেন্টদের জন্য সমস্যা সৃষ্টি করিতে পারে। আমরা সচরাচর করা প্রশ্নের frequently asked questions (FAQs) একটি সেট কাউন্সিল ওয়েবসাইটে (ADD ADDRESS- translator please include this in English only) প্রস্তুত করিয়াছি। দয়া করে প্রথমে সেখানে দেখুন এর পরও যদি আপনার প্রশ্নের জবাব না মিলে তবে আমাদের ইমেইল করিতে পারেন coronavirusenquiries@swansea.gov.uk। আমরা বিশেষ করে এই ব্যাপারে সহায়তার জন্য অনুসন্ধান লাইন করিয়াছি ০১৭৯২ ৬৩৬০৩৩ এবং ০১৭৯২ ৬৩৬০৩৪। এই সব কিছুই সুবিধা আপনি পাইতে পারেন ০৮ই জুন ২০২০ সকাল ৯ টার সময় থেকে (যদি আপনি ইংলিশ/ওয়েলস ছাড়া অন্য কোন ভাষায় কথা বলিতে চান তবে দয়া করে আপনি কোন ভাষায় কথা বলতে চান এবং আপনার ফোন নাম্বার উল্লেখ করে ইমেইল করুন EMAU@swansea.gov.uk)।

স্কুল আমাদের তরফ থেকে একটি জরিপের মাধ্যমে জানতে চাইবে একজন মাতাপিতা/কেয়ারার হিসাবে আপনাদের অভিমত কি। লক্ষ্যনিয় যে উপরোক্ত ব্যবস্থাদি সহ ইমার্জেন্সি চাইল্ড কেয়ার বন্দবস্ত থাকিবে।

আমরা সবাই একমত যে স্কুলে ফিরত যাওয়া ছেলে মেয়েদের জন্য উপকারি হইবে তবে তা তখনই সম্ভব যখন স্কুল এবং অভিাবকরা নিরাপত্তার বিষয়ে নিশ্চিত হোন। সোল্যানসি কাউন্সিল ক্রমাগত ভাবে সকল স্কুলের সাথে কাজ করিয়া যাইতেছে যারা, আপনি নিশ্চয়ই একমত হইবেন, এই চরম কঠিন সময়েও তাহারা চমৎকার ভাবে কাজ চালাইয়া গিয়াছে।

আমি আপনাদিগকে আবারো লিখিব যখন ওয়েলস গভর্নমেন্টের নিকট থেকে আরো কোন নির্দেশনা আসে। অনেক কিছুই বিবেচনার বিষয় আমি নিশ্চিত আপনি উপলব্ধি করেন এবং আরো অধিক তথ্য আপনার বিবেচনার জন্য যথাসময়ে সম্ভব প্রদান করা হইবে। আপনার ক্রমাগত সহায়তার প্রতীক্ষাতে আপনাকে ধন্যবাদ।

আপনারই একান্ত

নিক উইলিয়ামস

ডাইরেক্টর অব এডুকেশন